দৈনিক খবর

তারিখ 17 AUG 1993
পৃষ্ঠা ১৮ কলাম ২

অর্থ সংকটসহ নানা সমস্যা

# উত্তরাঞ্চলের ৯ লাখ ছেলেমেয়ে স্কুলে যায় না

বগুড়া, ১৬ই আগস্ট।– সংবাদদাতা প্রবাল খন্দকার জানান, আর্থিক অসচ্ছলতা, সমস্যা এবং পরিবারে অর্থসংকটের কারণে এ বছর উত্তরাঞ্চলে প্রায় ৯ লাখ বালক–বালিকা স্কুলে যাচ্ছে না সরকারী সূত্রে প্রকাশ, এ বছর উত্তরাঞ্চলের ১৬টি জেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাগ্রহণের যোগ্য বালক–বালিকার সংখ্যা' ৪২ লাখ ৩০ হাজার ৯শ' ৪। এ বছর ১৬টি জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষা গ্রহণের জন্য ভর্তি হয়েছে ৩৩ লাখ ৩৭ হাজার ৩শ' ৪৭ জন। সুযোগ থাকার পরেও প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা গ্রহণে সক্ষম বিভিন্ন জেলার ৬ থেকে ১০ বছর বয়সের শিশু বা বালক–বালিকা ভর্তি হয়নি ৮ লাখ ৯৩ হাজার ৫শ' ৫৭ জন। উত্তরাঞ্চলে বালক ভর্তির হার শতকরা ৭৮ ভাগ হলেও বিদ্যালয়ে বালক–বালিকার উপস্থিতির হার যথাক্রমে শতকরা ৭৫ ও ৭৪ ভাগ। একটি সরকারী সূত্র জানায়, এ বছর প্রাথমিক শিক্ষা গ্রহণে সক্ষম রাজশাহীতে এমন বালক–বালিকা আছে ৩ লাখ ২ হাজার ৬শ' ৮৩ জন। রাজশাহীর বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় ভর্তি হয়েছে ২ লাখ ৫৫ হাজার ৪শ' ৬৯ জন। নাটোরে প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারতো এমন শিশু বা বালক–বালিকার সংখ্যা হলো ২ লাখ ১৫ হাজার ৯শ' ৩৪ জন। স্কুলে ভর্তি হয়েছে ১ লাখ ৭২ হাজার ১শ' ৯১ জন।

একই জরিপে দেখা যায়, গাইবান্ধা জেলায় এ বছর প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা বা শিশু আছে ৩ লাখ ২৯ হাজার ২শ' ৬৮ জন। নীলফামারীতে এ বছর প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা বা শিশু রয়েছে ২৩ লাখ ৯ হাজার ৯শ' ৬৯ জন। এর মধ্যে স্কুলে ভর্তি হয়েছে ১ লাখ ৬৩ হাজার ১শ' ৮৪ জন। কুড়িগ্রাম জেলায় চলতি বছর প্রাথমিক বিদ্যালয়ে গমনযোগ্য বালক–বালিকা বা শিশু আছে ২ লাখ ৫৯ হাজার ৫শ' ৫০ জন। এর মধ্যে স্কুলে ভর্তি হয়েছে ১ লাখ ৮৮ হাজার ৬শ' ৪০ জন। লালমনিরহাটে এ বছর প্রাথমিক বিদ্যালয়ে যাবার মতো বালক–বালিকা আছে ১ লাখ ৬৯ হাজার ৭শ' ৬০ জন, এর মধ্যে বিদ্যালয়ে ভর্তি হয়েছে ৩ লাখ ৫৬ হাজার ৩৮ জন। ঠাকুরগাঁও জেলায় এবার প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা বা শিশু আছে ১ লাখ ৬ হাজার ২শ' ৭৩ জন। পঞ্চগড় জেলায় এবার প্রাথমিক বিদ্যালয়ে যাবার মতো বালক–বালিকা বা শিশু আছে ১ লাখ ২৪ হাজার ১শ' ৭২ জন। এর মধ্যে স্কুলে ভর্তি হয়েছে ৯৭ হাজার ৬শ' ৪০ জন।